

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসার এর কার্যালয়
কেরাণীগঞ্জ, ঢাকা।

স্মারক নং ০৫.৪১.২৬৩৮.০০০.৩১.০০২.২২-৩২৫

তারিখ : ২২ বৈশাখ, ১৪২৯ বঃ
২৪ এপ্রিল, ২০২২ খ্রি.

কেরাণীগঞ্জ উপজেলায় মাননীয় প্রধানমন্ত্রীর ঈদ উপহার (ভূমিসহ সেমিপাকাগহ) পাচ্ছেন ১৫ টি ভূমিহীন ও গৃহহীন পরিবার।

প্রেস বিজ্ঞপ্তি

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আজন্ম লালিত স্বপ্ন ছিল মুজিকামী বাঙ্গালী জাতির অধিকার প্রতিষ্ঠা ও ক্ষুধা দারিদ্র্যমুক্ত দেশ গঠনের। জাতির পিতার স্বপ্নকে বাস্তবায়ন করার লক্ষ্যে তারই সুযোগ্য কন্যা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঘোষণা করেছেন যে, “মুজিববর্ষে একজন মানুষও গৃহহীন থাকবে না”। মাননীয় প্রধানমন্ত্রীর সদয় নির্দেশনা বাস্তবায়নের জন্য দেশব্যাপী ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য একক গৃহ নির্মাণ কার্যক্রম চলমান রয়েছে। এরই অংশ হিসেবে মুজিববর্ষে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঈদ উপহার হিসেবে আশ্রয়ণ-২ প্রকল্পের আওতায় ৩য় পর্যায়ে কেরাণীগঞ্জ উপজেলায় ১৫ (পনের) টি ভূমিহীন ও গৃহহীন পরিবার জমিসহ নতুন ঘর পাচ্ছেন। প্রতিটি পরিবারের অনুকূলে দুই শতক জমিসহ দ্বিকক্ষ বিশিষ্ট সেমি পাকা ঘর বরাদ্দ প্রদান করা হয়েছে। উপকারভোগী নির্বাচনের ক্ষেত্রে সর্বাধিক গুরুত্ব প্রদান করা হয়েছে। জনপ্রতিনিধি, রাজনৈতিক নেতৃবৃন্দ ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গের উপস্থিতিতে উপজেলা আশ্রয়ণ ট্রাঙ্কফোর্স কমিটি এবং উপজেলা খাস জমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটির সার্বিক তত্ত্বাবধানে কেরাণীগঞ্জ উপজেলার স্থায়ী বাসিন্দা ও প্রকৃত ভূমিহীন এবং গৃহহীন পরিবার সমূহকে চিহ্নিত করে গৃহ প্রদানপূর্বক পুনর্বাসন করা হয়। একই প্রক্রিয়ায় ইতোপূর্বে ১ম ও ২য় পর্যায়ে আরও ৫৫টি পরিবারকে পুনর্বাসিত করা হয়েছে।

উপজেলা প্রশাসনের সার্বিক সহযোগিতা ও কর্মপরিকল্পনার মাধ্যমে নির্ধারিত নকশা ও প্রাক্কলনের মাধ্যমে ঘরগুলি নির্মাণ করা হয়েছে। উপজেলা প্রশাসনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দ, স্থানীয় জনপ্রতিনিধিগণ, রাজনৈতিক নেতৃবৃন্দ ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ নির্মাণ কাজ তদারকি করেন।

৩য় পর্যায়ে পুনর্বাসিত ১৫টি পরিবারের অনুকূলে বরাদ্দকৃত সরকারি খাস জমির পরিমাণ ০.৩০ একর। যার বাজার মূল্য আনুমানিক এক কোটি পঞ্চাশ লক্ষ টাকা। ৩য় পর্যায়ে প্রতিটি ঘরের অনুকূলে দুই লক্ষ ঊনষাট হাজার টাকা বরাদ্দ প্রদান করা হয়। সামগ্রিকভাবে প্রতিটি পরিবার প্রায় তের লক্ষ টাকা মূল্যের সম্পদ মাননীয় প্রধানমন্ত্রী নিকট হতে ঈদ উপহার হিসেবে পাবেন। উপকারভোগী পরিবারসমূহের শিক্ষা, স্বাস্থ্য, কর্মসংস্থানসহ সকল সুযোগ সুবিধা সুনিশ্চিত করতে ঘরগুলো যথা সম্ভব গ্রোথ সেন্টারের কাছাকাছি স্থাপন করা হয়েছে। ঘরগুলোতে প্রয়োজনীয় পানি ও বিদ্যুতের সুযোগ-সুবিধা সমূহ উপজেলা প্রশাসন কর্তৃক নিশ্চিত করা হয়েছে।

নির্মিত ঘরে উপকারভোগী পরিবারসমূহের বসবাসসহ তাদের আর্থিক স্বচ্ছলতা ও স্বনির্ভরতা অর্জনের লক্ষ্যে উপজেলা প্রশাসন কর্তৃক উপকারভোগী পরিবার সমূহকে হাস-মুরগী, পশু পালন ও সেলাইমেশিনসহ বিভিন্ন বৃত্তিমূলক প্রশিক্ষণের জন্য ইতোমধ্যে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

আগামী ২৬/০৪/২০২১ খ্রি. তারিখে মাননীয় প্রধানমন্ত্রী ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে সারাদেশে গৃহহীন ও ভূমিহীনদের গৃহ বিতরণ কার্যক্রমের শুভ উদ্বোধন করবেন। এরই ধারাবাহিকতায় কেরাণীগঞ্জ উপজেলা পরিষদের হল রুমে মাননীয় প্রধানমন্ত্রীর ঈদ উপহার হিসেবে ৩য় পর্যায়ে বরাদ্দকৃত ঘর ও জমির দলিল উপকারভোগী পরিবারের মাঝে হস্তান্তর করা হবে।

মো: মেহেদী হাসান
উপজেলা নির্বাহী অফিসার
কেরাণীগঞ্জ, ঢাকা।

